## নবম অধ্যায়

# বাংলাদেশে প্রবীণ ব্যক্তি ও নারী অধিকার

## সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন- ১**

স্বামী এবং তিন সন্তান নিয়ে হাফিজার সংসার। স্বামীর একক আয়ে তার সংসার চলে না। সংসারের অভাব পূরণে হাফিজা নির্মাণ শ্রমিকের কাজ নেয়। সপ্তাহ শেষে মজুরি গ্রহণের সময় মালিক তাকে দৈনিক ৩০০ টাকা হারে মজুরি দেয়। অথচ একই কাজের জন্য পুরবষ শ্রমিকদের ৪০০ টাকা হারে দৈনিক মজুরি দেয়। সে এর প্রতিবাদ করলে মালিক তাকে কাজে আসতে নিষেধ করে।

ক. কোম রোকেয়া নারী ও পুরবষকে কিসের সঙ্গো তুলনা করেছেন?

খ. সংসার-জীবনে নারীর-প্রধান ভূমিকা বর্ণনা কর।

গ. হাফিজা কোন ধরনের বৈষম্যের শিকার হয়েছেন? ব্যাখা কর।

ঘ.হাফিজার মতো নারীদের অধিকার আদায়ে করণীয় বিষয়ে মতামত দাও।

**ক** কোম রোকেয়া নারী ও পুরবষকে একটি গাড়ির দুটি চাকার সঙ্গো তুলনা করেছেন।

**খ** নারী শুধু মা, বোন, কন্যা, ভাবি, চাচি, ফুফু, খালা, নানি, দাদিরই ভূমিকা পালন করেন না; বরং পুরবষের পাশাপাশি সংসার পরিচালনার গুরব দায়িত্বও পালন করেন। এর অতিরিক্ত সন্তান লালন-পালনের নারীকেই পালন করতে হয়। তাই সংসার জীবনে নারীর ভূমিকা অতি গুরবত্বপূর্ণ।

**গ** হাফিজা অর্থনৈতিক বৈষম্যের শিকার হয়েছেন। এৰেত্রে নারীর সমানাধিকার লঙ্ঘিত হয়েছে। বাংলাদেশের সংবিধানে নারী-পুরুষের সমানাধিকারের স্বীকৃতি দেওয়া হয়েছে। নারীর প্রতি বৈষম্য বিলোপসংক্রান্ত জাতিসংঘ সনদেও নারীর এ সমানাধিকারের কথা বলা হয়েছে। সমাজে একজন পুরবষের যে অধিকার রয়েছে, তেমনি নারীরও অধিকার রয়েছে। লেখাপড়া, চাকরি বা কর্মসংস্থান, বেতন বা মজুরি সব ব্যাপারেই নারী ও পুরবষ সমান সুযোগ লাভের অধিকারী। কোনো অবস্থায়ই নারীর প্রতি অর্থনৈতিক বৈষম্যমূলক আচরণ করা যাবে না। কিন্তু উদ্দীপকের হাফিজা অর্থনৈতিকভাবে বৈষম্যমূলক আচরণের শিকার হয়েছেন। একই কাজে একজন পুরবষকে ৪০০ টাকা হারে দৈনিক মজুরি দেয়া হলেও হাফিজা নারী বিধায় তাকে দৈনিক ৩০০ টাকা দেয়া হয়। নারীকে দুর্বল ও পুরবষের সমকৰ নয় এমন ধরনের হীনমনোভাব থেকেই তার প্রতি এ ধরনের বৈষম্যমূলক আচরণ করা হয়েছে।

**ঘ** হাফিজা আমাদের সমাজে আর দশজন নারীর মতো অবহেলিত ও বৈষ্যমের শিকার। হাফিজার মতো নারীদের অধিকার আদায়ে আমাদের অনেক করণীয় রয়েছে। আমার মতে-

১. এ জাতীয় বৈষম্যমূলক আচরণ নীরবে সহ্য করা যাবে না। এজন্য প্রতিবাদী হতে হবে।

২. নারী শিৰার বিকল্প নেই। এজন্য হাফিজার মতো মেয়েদেরকে কষ্ট করে হলেও নিরৰরতার হাত থেকে বাঁচতে হবে। শিৰার মাধ্যমে নারী তার অধিকার সম্পর্কে সচেতন হয়ে ওঠে।

৩. নারীর অধিকার আদায়ে নারী সংগঠনগুলোর সাথে কাজ করতে হবে এবং তাদের গৃহীত কর্মসূচিতে অংশগ্রহণ করতে হবে।

৪. পুরবষ ও নারীর অধিকার সমান এ বক্তব্য সমাজে তুলে ধরতে হবে।

৫. নারীর অধিকার আদায়ে ধর্মীয় ও সামাজিক কুসংস্কার মুক্ত হতে হবে।

৬. বাল্যবিবাহ, যৌতুক এসব কুপ্রথা প্রতিরোধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। আমাদের এসব করণীয় হাফিজার মতো নারীদের অধিকার আদায়ে বলিষ্ঠ ভূমিকা রাখবে।

**প্রশ্ন- ২**

৭০ বছরের ছিদ্দিকা খাতুনের ইচ্ছা করে পুরানো দিনের গল্প করতে কিন্তু তাঁর ছেলে মেয়েদের গল্প শোনার সময় নেই। এমন কি তাঁর নাতনীর বিয়ের সময় তাঁকে জিজ্ঞাসা করা হয় না। পাশের বাড়ির জোবেদা বেগম ছিদ্দিকা খাতুনের ছেলে মেয়েদের বলেন, তোমাদের উচিত তোমার মায়ের খাবার ও স্বাস্থ্যের ব্যাপারে খেয়াল রাখা। তাঁকে মাঝে মাঝে বেড়াতে নিয়ে যাওয়া।

ক. প্রবীণ কারা?

খ. বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কল্যাণ সমিতির প্রবীণদের ৰেত্রে কার্যক্রম ব্যাখ্যা কর।

গ. ছিদ্দিকা খাতুনের সমস্যাটা কোন ধরনের সমস্যা- ব্যাখা কর।

ঘ.ছিদ্দিকা খাতুনের ৰেত্রে জোবেদা বেগমের পরামর্শ তুমি কী সঠিক বলে মনে কর? তোমার মতামত দাও।

**ক** সাধারণত ষাটোর্ধ্ব বয়সের মানুষদের প্রবীণ বলা হয়।

**খ** বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কল্যাণ সমিতি প্রবীণদের জন্য, বহুবিধ কার্যক্রম গ্রহণ করেছে। প্রবীণদের স্বাস্থ্যরৰায় এই কল্যাণ সমিতি স্বাস্থ্যসেবা ও ঔষধ প্রদান করছে। প্রবীণদের পরিবারের সদস্যদের শিৰা লাভ নিশ্চত করতে শিৰা অনুদান প্রদান করছে। আবার প্রবীণ বয়সে যেন আর্থিক সংকটে না পড়ে সেজন্য সহজ শর্তে ঋণও প্রদান করছে। বাংলাদেশ অবসরপ্রাপ্ত সরকারি কল্যাণ সমিতি প্রবীণদের জন্য উপরিউক্ত কার্যাবলি পরিচালনা করছে।

**গ** ছিদ্দিকা খাতুনের সমস্যাটি প্রবীণদের পারিবারিক সমস্যা। আমাদের দেশে একসময় একান্নবর্তী পরিবার ছিল যখন পরিবারের জ্যেষ্ঠ ব্যক্তিদের কতৃত্ব ও মর্যাদা ছিল। বর্তমান আধুনিক সমাজব্যবস্থায় একান্নবর্তী পরিবারসমূহ ভেঙ্গে ছোট ছোট পরিবারে পরিণত হয়েছে। ফলে ঐ সমস্ত ছোট পরিবারসমূহে বৃদ্ধ মা–বাবা ও শ্বশুর–শাশুড়ির স্থান থাকে না, তাদের সঙ্গ দেওয়ার ও তাদের সাথে গল্পগুজব করার মতো কেউ থাকে না। ছেলে–মেয়েদের কর্মব্যস্ত জীবনযাপনের জন্য তাদের দেখাশুনা ও সেবাযত্নের লোকের অভাব ঘটছে। সংসারের যে কোনো গুরবত্বপূর্ণ সিদ্ধান্ত তাদের ছাড়াই নেওয়া হচ্ছে। তাছাড়া সাংসারিক বিভিন্ন কাজকর্মে তাদের লিপ্ত করা হয় যা তাদের জন্য অনেক কঠিন হয়ে যায়। উদ্দীপকে ছিদ্দিকা খাতুনের পুরানো দিনের গল্প শোনাতে ইচ্ছে করলে তাঁর গল্প শোনার সময় কারই থাকে না। তাই উপরিউক্ত আলোচনায় বোঝা যায়, ছিদ্দিকা খাতুনের সমস্যাটি প্রবীণদের পারিবারিক সমস্যা।

**ঘ** আমি মনে করি, ছিদ্দিকা খাতুনের ৰেত্রে জোবেদা বেগমের পরামর্শ সঠিক। বয়সের পরিক্রমায় পরিবারের কর্মঠ ব্যক্তি একসময় প্রবীণ হয়। সারাজীবন পরিশ্রম করে তারা পরিবারের সদস্যদের ব্যয়ভার বহন করেন। কর্ম থেকে অবসর নিয়ে তারা একসময় ছেলে–মেয়েদের উপর নির্ভরশীল হয়ে পড়েন। এই নির্ভরশীলতার কারণে বেশিরভাগ পরিবারে তারা বোঝা হিসেবে কালযাপন করে। প্রবীণরা নিজেদের সুখ–দুঃখের কথা বলার জন্য কাউকে পায় না। ছেলে–মেয়েদের কর্মব্যস্ততার কারণে তারা ঠিকমতো সেবা–যত্নও পায় না। উপার্জন ৰমতা হারিয়ে ফেলায় মতামতের ৰেত্রে তাদের প্রাধান্য দেওয়া হয় না। উদ্দীপকে ছিদ্দিকা খাতুন এরকম নিগ্রহিতার স্বীকার, তাঁর ছেলেমেয়েরা তাঁর দেখাশুনা ও খোঁজখবর নেয়না, তাই পাশের বাড়ির জোবেদা বেগম তাঁর ছেলেমেয়েদের ছিদ্দিকা খাতুনের খাবার ও স্বাস্থ্যের ব্যাপারে খেয়াল রাখার পরামর্শ দিয়েছেন। তাঁর হীনম্মন্যতা ও অসহায়ত্ব দূর করার জন্য মাঝে মাঝে তাঁকে বেড়াতে নিয়ে যাওয়ার জন্য পরামর্শ দেন। প্রবীণ বয়সের অসহায়ত্ব ও নিসঙ্গত দূর করার জন্য উক্ত পদৰেপগুলোও নেওয়া প্রতিটি সন্তানের কর্তব্য। তাই আলোচনা হতে বলা যায়, ছিদ্দিকা খাতুনের ৰেত্রে তার ছেলে–মেয়েদের দেওয়া জোবেদা বেগমের পরামর্শ সঠিক।

**প্রশ্ন– ১ ▸▸**

| নাম | পেশা | বয়স |
|---|---|---|
| জনাব তারিকুল হাকিম | বিচারপতি | ৬৪ বছর |
| জনাব আজিজুল ইসলাম | বিশ্ববিদ্যালয়ের শিৰক | ৬৩ বছর |
| জনাব মামুন সরকার | পেশাজীবী | ৬১ বছর |

[

ক. কোন বয়সে মানুষের শারীরিক শক্তি কমে আসে? ১

খ. ‘প্রবীণ দিবস’ কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের কোন কোন পেশাজীবী অবসরপ্রাপ্ত? বর্ণনা কর। ৩

ঘ.আমাদের দেশে ছকের সকল ব্যক্তিই প্রবীণ হিসেবে গণ্য– ব্যাখ্যা কর। ৪

**ক** প্রবীণ বয়সে মানুষের শারীরিক শক্তি কমে আসে।

**খ** প্রবীণ দিবস জাতিসংঘ ঘোষিত প্রবীণদের অধিকার সচেতনতা দিবস। জাতিসংঘ প্রবীণ জনগোষ্ঠীর অধিকার রৰায় কতিপয় নীতিমালা প্রণয়ন করেছে। এছাড়াও জাতিসংঘ প্রবীণদের অধিকার ও তাদের প্রতি কর্তব্য সম্পর্কে সচেতনতা সৃষ্টি করতে একটি বিশেষ দিনকে ‘প্রবীণ দিবস’ হিসেবে ঘোষণা করেছে।

**গ** উদ্দীপকের পেশাজীবীদের মধ্যে কেবল জনাব মামুন সরকার অবসরপ্রাপ্ত। বাংলাদেশে সরকারি চাকরি থেকে অবসরের বয়স ৫৯ বছর। বিচারপতিদের জন্য ৬৭ বছর এবং বিশ্ববিদ্যালয়ের শিৰক ও কোনো কোনো পেশাজীবীদের জন্য বয়সের এই সীমা সম্প্রতি ৬৫ বছর পর্যন্ত বাড়ানো হয়েছে। এ বিবেচনায় বিচারপতি জনাব তারিকুল হাকিম যার বয়স ৬৪ বছর এবং বিশ্ববিদ্যালয়ের শিৰক জনাব আজিজুল ইসলাম যার বয়স ৬৩ বছর, তারা অবসরপ্রাপ্ত নন। কিন্তু সরকারি কর্মকর্তা জনাব মামুন সরকার ৬১ বছর বয়সী হওয়া সত্ত্বেও অবসরপ্রাপ্ত।

**ঘ** আমাদের দেশে সাধারণত ষাটোর্ধ্ব বয়সের মানুষকে প্রবীণ বলে গণ্য করা হয়। কারণ ঐ বয়সের পর মানুষ দৈনন্দিন জীবিকা উপার্জনের কাজ থেকে অবসর নেয়। যদিও ঐ বয়সের পরও যে সব মানুষ তার কাজ করার সামর্থ্য হারিয়ে ফেলে তা নয়। যেমন : ছকে বিচারপতি তারিকুল হাকিম এবং বিশ্ববিদ্যালয়ের শিৰক জনাব আজিজুল ইসলাম এখনও কর্মরত। কিন্তু বয়স বিবেচনায় ছকে উলিৱখিত ব্যক্তি তিনজনই আমাদের দেশে প্রবীণ হিসেবে গণ্য।

**প্রশ্ন- ২ ▸▸**

রেজা সাহেবের বয়স ৭০ বছর। তিনি কোমরের ব্যথার কারণে চলাফেরা করতে পারেন না। উন্নত চিকিৎসার জন্য তিনি তার স্ত্রীকে নিয়ে দেশ ছেড়ে আমেরিকায় প্রবাসী ছেলের কাছে আশ্রয় নেন। কয়েক বছর পর ঐ দেশে অর্থনৈতিক মন্দা দেখা দিলে তার ছেলের পৰে বাবা-মা'র খরচ বহন কষ্টকর হয়ে পড়ে। এরই মধ্যে তিনি গ্রিনকার্ড পেয়ে যান। তাতে ছেলের বাসা ছেড়ে তিনি স্ত্রীকে নিয়ে আলাদা বাসায় উঠেন এবং সরকার তাঁর চিকিৎসার খরচ জোগান দেয়।

ক. প্রবীণ কারা? ১

খ. বাংলাদেশ সরকারি চাকরি থেকে অবসরের বয়সসীমা কত? ব্যাখা কর। ২

গ. রেজা সাহেব তার সন্তানদের বাসায় অবস্থানের ৰেত্রে কোন ধরনের সমস্যায় পড়েন? পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ.'রেজা সাহেবের মতো প্রবীণদের ৰেত্রে রাষ্ট্রীয় সুযোগ-সুবিধার গুরবত্ব অপরিসীম'- এ বক্তব্যের যথার্থতা বিশেৱষণ কর। ৪

**ক** আমাদের দেশে সাধারণত ষাটোর্ধ্ব বয়সের মানুষকে প্রবীণ বলে গণ্য করা হয়।

**খ** বাংলাদেশে সরকারি চাকরি থেকে অবসরের বয়স ৫৯ বছর। তবে বিচারপতিদের জন্য ৬৭ বছর এবং বিশ্ববিদ্যালয়ের শিৰক ও কোনো কোনো পেশাজীবীদের জন্য বয়সের এই সীমা সম্প্রতি ৬৫ বছর পর্যন্ত বাড়ানো হয়েছে।

**গ** রেজা সাহেব তার সন্তানের বাসায় অবস্থানের ৰেত্রে অর্থনৈতিক সমস্যায় পড়েন। নিজস্ব আয়-রোজগারের সুযোগ না থাকায় এবং সঞ্চিত অর্থ ও সম্পত্তি উত্তরাধিকারীদের মধ্যে বণ্টিত হয়ে যাওয়ায় বেশিরভাগ প্রবীণই অর্থনৈতিকভাবে অসহায় হয়ে পড়েন। অনেক সময় যথেষ্ট রোজগার বা সামর্থ্যের অভাবে ছেলেমেয়েদের পৰেও প্রবীণ বাবা-মা'র ভার বহন করা কঠিন হয়ে পড়ে। ইচ্ছে থাকলেও তারা তাদের ঠিকমতো সেবা করতে পারে না। উদ্দীপকে রেজা সাহেব তার আমেরিকা প্রবাসী ছেলের বাসায় উন্নত চিকিৎসার জন্য স্ত্রীসহ আশ্রয় নেন। অর্থনৈতিক মন্দা দেখা দিলে ছেলের পৰে আমেরিকার মতো ব্যয়বহুল দেশে বাবা-মা'র খরচ বহন করা কষ্টকর হয়ে পড়ে। তাই বলা যায়, রেজা সাহেব তার সন্তানের বাসায় অবস্থানের ৰেত্রে অর্থনৈতিক সমস্যায় পড়েন।

**ঘ** রেজা সাহেবের মতো প্রবীণদের ৰেত্রে রাষ্ট্রীয় সুযোগ-সুবিধার গুরবত্ব অপরিসীম। আমাদের দেশে প্রবীণদের জন্য সরকারি পর্যায়ে বিভিন্ন কল্যাণমূলক কার্যক্রম রয়েছে। যেমন: অবসর ভাতা। একটি নির্দিষ্ট সময়সীমা পর্যন্ত সরকারি চাকরি করে অবসর গ্রহণ করলে অবসর সময়ের জন্য বিধি মোতাবেক যে ভাতা দেওয়া হয় তাই অবসর ভাতা। তাছাড়া বয়স্কভাতা কার্যক্রমও রয়েছে। দেশব্যাপী প্রবীণদের কল্যাণে বিশেষত গ্রামীণ অসহায় দুঃস্থ, অবহেলিত ও দরিদ্র জনগোষ্ঠীর কল্যাণে এ কার্যক্রম পরিচালিত হয়। দেশব্যাপী বিধবা ও স্বামী পরিত্যক্ত মহিলাদের কল্যাণে এ ভাতা প্রদান করে থাকে। তাই রেজা সাহেবের মতো প্রবীণদের ৰেত্রে রাষ্ট্রীয় সুযোগ-সুবিধার গুরবত্ব অপরিসীম। এৰেত্রে সরকার প্রবীণ ব্যক্তিদের জন্য বাস, ট্রেনসহ বিভিন্ন যানবাহনে আসন সংরৰণ, স্বল্পমূল্যে চিকিৎসা, প্রবীণ নিবাসে বিনামূল্যে বসবাসের ব্যবস্থা, আর্থিক সহায়তা, বিনোদনের ব্যবস্থা ইত্যাদির ব্যবস্থা করে তাদের হীনম্মন্যতা ও নিঃসঙ্গতা থেকে মুক্তি দিতে পারেন। এর ফলে এসব মূল্যবান মানবসম্পদের অধিকার সুরৰিত হবে। সুতরাং: রেজা সাহেবের মতো প্রবীণদের ৰেত্রে রাষ্ট্রীয় সুযোগ-সুবিধার গুরবত্ব অপরিসীম-উক্তিটি যথার্থ।

**প্রশ্ন- ৩ ▸▸**

ফাতিমার বাবা-মা দুজনই কর্মজীবী। ফলে তার বৃদ্ধ দাদুকে পরিবারের অনেক কাজ করতে হয়। যেমন : ফাতিমার দেখাশোনা করা, তাকে স্কুলে পৌছানো, বাজার করা ইত্যাদি। প্রয়োজনীয় বিশ্রামটুকুও তিনি নিতে পারছেন না। ফলে দিন দিন তিনি অসুস্থ হয়ে পড়ছেন।

ক. কোন সংস্থা প্রবীণ দিবস ঘোষণা করেছে? ১

খ. "সিনিয়র সিটিজেন" বলতে কী বোঝ? ২

গ. ফাতিমার দাদুকে কোন ধরনের সমস্যাগুলো মোকাবিলা করতে হচ্ছে? ব্যাখ্যা কর। ৩

ঘ.ফাতিমার দাদুর মতো মানুষদের সমস্যা সমাধানে তুমি কীরূ প পদৰেপ গ্রহণ করবে? মতামত দাও। ৪

**ক** জাতিসংঘ প্রবীণ দিবস ঘোষণা করেছে।

**খ** বিশ্বের উন্নত দেশগুলোতে ৬০ বা ৬৫ বছর বয়সের পর একজন মানুষকে প্রবীণ বা "সিনিয়র সিটিজেন" গণ্য করা হয়। সমাজে তাদেরকে বিশেষ সম্মান ও সুযোগ-সুবিধা দেওয়া হয়। তারা মনে করে প্রবীণরা অভিজ্ঞতা ও জ্ঞান দিয়ে দেশকে সাহায্য করতে পারে।

**গ** ফাতিমার দাদুকে পারিবারিক ও শারীরিক সমস্যাগুলো মোকাবিলা করতে হচ্ছে। পুত্র ও পুত্রবধূ উভয়েই কর্মজীবী হওয়ায় ফাতিমার দেখাশোনা করা, স্কুলে পৌছানো, বাজার করা ইত্যাদি কাজের দায়িত্ব তার ওপর। বৃদ্ধ বয়সে এসব কাজ করা তার পৰে কঠিন। ফাতিমার দাদুর এ সমস্যা পারিবারিক সমস্যার অন্তর্ভুক্ত। বৃদ্ধ বয়সে মানুষের শারীরিক শক্তি কমে আসে। নানা রোগব্যাধি শরীরে বাসা বাঁধে। এ সময় মানুষের একটু বিশ্রাম বা আরামের প্রয়োজন হয়। কিন্তু আমাদের দেশে অনেক প্রবীণের মতো ফাতিমার দাদুও প্রয়োজনীয় বিশ্রাম পান না। যা শারীরিক সমস্যাকে নির্দেশ করে। তাই বলা যায়, ফাতিমার দাদুকে পারিবারিক ও শারীরিক সমস্যা মোকাবিলা করতে হচ্ছে।

**ঘ** ফাতিমার দাদু একজন প্রবীণ। তাই ফাতিমার দাদুর মতো মানুষদের অর্থাৎ প্রবীণদের সমস্যা সমাধানে আমি নিম্নোক্ত পদৰেপগুলো গ্রহণ করব। পদৰেপগুলো হলো :

১. প্রবীণদের উপেৰা না করে তাদেরকে সমাজের সম্পদ মনে করে তাদের অধিকার রৰায় সচেস্ট থাকব। তাদেরকে সমাজের বোঝা হিসেবে গণ্য করার মানসিকতা পরিবর্তন করব।

২. প্রবীণরা কী ধরনের সমস্যার সম্মুখীন হচ্ছে তা চিহ্নিত করে এসব সমস্যা সমাধানের চেষ্টা করব।

৩. প্রবীণদের বিশেষ কিছু অধিকার রয়েছে। সেসব অধিকার সম্পর্কে সচেতন থাকব।

৫. প্রবীণ সমস্যা সমাধানে তাদের জন্য বিশেষ সুযোগ–সুবিধার ব্যবস্থা করতে সরকারসহ দেশের সচেতন জনগোষ্ঠীকে আন্তরিক হতে দৃষ্টি আকর্ষণ করব।

**প্রশ্ন– ৪ ▸▸**

রফিক সাহেব একজন সরকারি কর্মকর্তা ছিলেন। অবসর গ্রহণ করার পর ষাটোর্ধ্ব বয়সে তিনি একাকিত্বে ভুগছেন। শারীরিকভাবে তিনি প্রায়ই অসুস্থ থাকেন। কিন্তু কেউ তার খোঁজখবর ঠিকমতো রাখে না, কারণ তার সন্তানেরা সবাই নিজেদের পরিবার নিয়ে শহরে বাস করেন। সেখানে তার স্থান হয়নি।

ক. প্রবীণ ব্যক্তিদের আন্দোলনে অংশগ্রহণ মূলত কোন ধরনের অধিকার? ১

খ. প্রবীণদের মধ্যে হীনম্মন্যতার সৃষ্টি হয় কেন? ২

গ. ষাটোর্ধ্ব রফিক সাহেব কোন ধরনের সমস্যার শিকার হয়েছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ.রফিক সাহেবের মতো অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তারাও সামাজিক–সাংস্কৃতিক সমস্যার মোকাবিলা করেন– পাঠ্যপুস্তকের আলোকে বিশেৱষণ কর। ৪

**৪ নং প্রশ্নের উত্তর**

**ক** প্রবীণ ব্যক্তিদের আন্দোলনে অংশগ্রহণ মূলত অংশগ্রহণ সংশিরষ্ট অধিকার।

**খ** পরিবার ও সমাজে কোণঠাসা অবস্থা প্রবীণদের মধ্যে এক ধরনের হীনম্মন্যতার জন্ম দেয়। তারা নিজেদেরকে খুব অবহেলিত ও অসহায় ভাবতে শুরব করেন। নিজস্ব সহায় সামর্থ্যের অভাব এবং সেই সঙ্গে শারীরিক অসুস্থতা ও নিঃসঙ্গতা এই হীনম্মন্যতাকে আরও বাড়িয়ে তোলে। প্রবীণ বয়সের স্মৃতিবিভ্রমও এৰেত্রে বাড়তি সমস্যা সৃষ্টি করে।

**গ** ষাটোর্ধ্ব তথা প্রবীণ রফিক সাহেব পারিবারিক সমস্যার শিকার হয়েছেন। আমাদের দেশে এক সময় পরিবারগুলো ছিল একান্নবর্তী। সে সময় পরিবারে প্রবীণদের এক ধরনের কর্তৃত্ব বা মুরব্বিস্থানীয় ভূমিকা ছিল। কিন্তু শিল্পায়ন, নগরায়ন ও মানুষের জীবনধারার পরিবর্তনের ফলে একান্নবর্তী পরিবারগুলো ভেঙে গিয়ে ছোট ছোট পরিবারে পরিণত হচ্ছে। এই পরিবার ব্যবস্থায় বৃদ্ধ বাবা–মা বা শ্বশুর–শাশুড়ির স্থান থাকছে না। তাদের দেখাশোনা বা অসুখ-বিসুখে সেবাযত্নের লোকের অভাব ঘটছে। তাঁদেরকে সঙ্গ দেওয়ার বা তাঁদের সঙ্গে গল্পগুজব করার লোক থাকছে না। ফলে তারা এক ধরনের নিঃসঙ্গতা ও বিমর্ষতার শিকার হচ্ছেন। উদ্দীপকে রফিক সাহেবের সন্তানেরা শহরে বাস করেন বলে কেউ তার খোঁজখবর রাখে না। তাদের বাসায়ও তার স্থান হয়নি। তিনি একাকিত্বে ও শারীরিক অসুস্থতায় ভুগছেন। তাই বলা যায়, রফিক সাহেব পারিবারিক সমস্যার শিকার।

**ঘ** অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা হওয়া সত্ত্বেও রফিক সাহেবের মতো বয়সের ব্যক্তিরা সামাজিক–সাংস্কৃতিক সমস্যা মোকাবিলা করেন। পাঠ্যপুস্তকের বর্ণনার আলোকে স্পস্ট যে এক সময় আমাদের দেশে প্রবীণদের প্রতি যে ধরনের সম্মান দেখানো হতো এখন আর তা দেখা যায় না। প্রবীণ বলেই তারা অবহেলার শিকার। বস্তুত বর্তমানে মূল্যবোধের বিপর্যয়, নৈতিক শিৰার অভাব, বিদেশি সংস্কৃতির প্রভাব, আত্মকেন্দ্রিক মনোভাব প্রভৃতি কারণে প্রবীণদের উপেৰা করা হয়। তাদের মতামতের কোনো গুরবত্ব দেওয়া হয় না। পরিবারে ও সমাজে অপ্রয়োজনীয় বিবেচনা করা হয়। তাদের পাশে বসে কেউ কথা শোনে না। অবসরযাপন বা চিত্তবিনোদনের সুযোগও নেই বললেই চলে। তাই সরকারি কর্মকর্তা হিসেবে মর্যাদাপূর্ণ জীবনযাপন করেও প্রধান হওয়ার কারণে রফিক সাহেবের মতো ব্যক্তিরা সামাজিক–সাংস্কৃতিক সমস্যার মোকাবিলা করেন।

**প্রশ্ন– ৫ ▸▸**

বাংলাদেশের মোট জনসংখ্যার প্রায় অর্ধেক নারী হলেও নানা দিক থেকেই তারা পুরুষের তুলনায় পিছিয়ে আছে। অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক অনেক অধিকার থেকে বাংলাদেশের নারীরা বঞ্চিত, অবহেলিত। অথচ জাতির ভবিষ্যৎ তাদের হাতেই গড়ে ওঠে।

ক. বাংলাদেশের সংবিধানে নারী–পুরুষের ক্ষেত্রে কীসের স্বীকৃতি দেওয়া হয়েছে। ১

খ. বেগম রোকেয়া কেন পুরবষ ও নারীকে একটি গাড়ির দুটি চাকার সঙ্গে তুলনা করেছেন? ২

গ. শিৰার ৰেত্রে নারীরা কীভাবে বঞ্চিত? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ.জাতির ভবিষ্যৎ তাদের হাতেই গড়ে ওঠে– উদ্দীপক ও পাঠ্যপুস্তকের আলোকে বিশেরষণ কর। ৪

**৫ নং প্রশ্নের উত্তর**

**ক** বাংলাদেশের সংবিধানে নারী–পুরুষের সমানাধিকারের স্বীকৃতি দেওয়া হয়েছে।

**খ** গাড়ির একটি চাকা বড় এবং একটি চাকা ছোট হলে সে গাড়ি যেমন ঠিকভাবে সামনে এগোতে পারে না, সমাজের বেলায়ও তেমনি নারীকে বঞ্চিত করে কিংবা পেছনে ফেলে সমাজের উন্নতি আশা করা যায় না। পরিবারের পুরবষ সদস্যের অনুপস্থিতিতে সংসার পরিচালনার দায়িত্বও তারাই পালন করেন। তাই বেগম রোকেয়া পুরবষ ও নারীকে একটি গাড়ির দুটি চাকার সঙ্গে তুলনা করেছেন।

**গ** উদ্দীপকে বলা হয়েছে অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক অনেক অধিকার থেকে নারীরা আজও বঞ্চিত। পুরবষদের তুলনায় শিৰা ৰেত্রেও নারীদের অবস্থা বৈষম্যমূলক। আমাদের সমাজে ছেলেসন্তানদের লেখাপড়ার ব্যাপারে পরিবার যতটা আগ্রহ দেখায় মেয়েদের বেলায় তা দেখায় না। বিশেষ করে গ্রামাঞ্চলে কম বয়সেই মেয়েদের বিয়ে দিয়ে দেয়া হয়। ফলে ভালো ছাত্রী হয়েও মেয়েরা অনেক সময় প্রাথমিক বা মাধ্যমিক স্তরের বেশি পড়ালেখার সুযোগ পায় না। পরিশেষে বলা যায়, এভাবে আমাদের সমাজের নারীরা বৈষম্য ও বঞ্চনার শিকার হচ্ছে।

**ঘ** জাতির ভবিষ্যৎ তাদের হাতেই গড়ে ওঠে। এখানে আমাদের সমাজে নারীদের অবদানকে মূল্যায়ন করা হয়েছে। উদ্দীপকে নারীদের অধিকার বঞ্চনার প্রেৰিতে এ উক্তি সমাজে তাদের কাজের প্রয়োজনীয়তা এবং গুরবত্ব তুলে ধরে। বাংলাদেশের মোট জনসংখ্যার প্রায় অর্ধেক হলো নারী। সমাজের এই অর্ধেক অংশকে অধিকার বঞ্চিত বা পেছনে ফেলে রেখে সমাজের উন্নতি বা দেশকে এগিয়ে নেওয়া সম্ভব নয়। নারীরা কেবল সমাজের অর্ধেকই নয়, কিংবা তারা শুধু মা, বোন, ভাবি, চাচি, ফুফু, দাদি, নানির ভূমিকাই পালন করে না, পরিবারের পুরবষ সদস্যের অনুপস্থিতিতে সংসার পরিচালনার দায়িত্বও তারাই পালন করেন। সন্তান লালনের প্রধান দায়িত্ব নারীই পালন করেন। এভাবে জাতির ভবিষ্যৎ তাদের হাতেই গড়ে উঠে।

**প্রশ্ন– ৬ ▸▸**

জমির বেপারির তিন মেয়ে, দুই ছেলে। চালের ব্যবসায়ী জমির মিয়া ধনী হলেও অশিৰিত এবং কুসংস্কারাচ্ছন্ন। তিনি মেয়েদের বোঝা মনে করেন।

ক. বাংলাদেশের সংবিধানে নারী-পুরবষের কী স্বীকৃতি দেয়া হয়েছে? ১

খ. নারী-পুরবষের সমানাধিকার বলতে কী বোঝ? ২

গ. জমির মিয়ার মনোভাব ব্যাখ্যা কর। ৩

ঘ.'বর্তমানে উক্ত অবস্থা বদলাচ্ছে'– তোমার মতামত দাও। ৪

**৬ নং প্রশ্নের উত্তর**

**ক** বাংলাদেশের সংবিধানে নারী-পুরবষের সমানাধিকারের স্বীকৃতি দেয়া হয়েছে।

**খ** নারী-পুরবষের সমানাধিকার বলতে নারীর প্রতি বৈষম্য বিলোপের কথা বলা হয়েছে। এখানে সমানাধিকার বলতে পরিবারে, সমাজে, রাষ্ট্রে অর্থাৎ জাতীয় জীবনের সর্বস্তরে পুরবষের পাশাপাশি নারীর সমানাধিকারের কথা বোঝানো হচ্ছে।

**গ** উদ্দীপকে অশিৰিত ও কুসংস্কারাচ্ছন্ন জমির মিয়া মেয়েদের বোঝা মনে করেন। আমাদের দেশে এখনও অনেক পিতামাতা কন্যাশিশুকে বোঝা হিসেবে গণ্য করে। তারা মনে করে পুত্র বড় হয়ে বাবা–মাকে উপার্জন করে খাওয়াবে, সংসারের হাল ধরবে। অন্যদিকে কন্যা বিয়ের পর স্বামী বা শ্বশুর বাড়ি চলে যাবে, উপরন্তু তাকে বিয়ে দিতে গিয়ে পিতামাতাকে অনেক টাকা খরচ করতে হবে। এই মনোভাব থেকেই তারা পুত্রসন্তানকে কন্যাসন্তানের চেয়ে অধিক গুরবত্ব দেয়।

**ঘ** বাংলাদেশে সামাজিকভাবে জমির মিয়ার মতো লোকেরা সংসারে মেয়েদের বোঝা মনে করে। কিন্তু বর্তমানে মেয়েদের অবস্থান বদলাচ্ছে। মেয়েরাও ছেলেদের মতো সমানভাবে বাবা–মা, পরিবার ও সমাজের দায়িত্ব নিতে এগিয়ে আসছে। একইভাবে নারীর প্রতি সমাজের দৃষ্টিভঙ্গিরও ধীরে ধীরে হলেও পরিবর্তন ঘটছে। বস্তুত আমাদের দেশে বর্তমানে নারীর সমানাধিকার সাংবিধানিকভাবে স্বীকৃত। শিৰার প্রসার ঘটছে। সরকারি, বেসরকারি বিভিন্ন কার্যক্রমের ফলে সচেতনতা বাড়ছে। তাই বাস্তবতার নিরিখে আমার মত এই যে, সমাজে বর্তমানে নারীর অবস্থান বদলে যাচ্ছে।

**প্রশ্ন– ৭ ▸▸**

**নারী পুরুষের সমানাধিকারের স্বীকৃতি**

**বাংলাদেশের সংবিধান, জাতিসংঘ সনদ**

ক. কোন সন্তানদের লেখাপড়ার ব্যাপারে পরিবার অধিক আগ্রহ দেখায়? ১

খ. বাংলাদেশে নারী অধিকারসমূহ কী কী? ২

গ. উদ্দীপকে জাতিসংঘের কোন সনদের কথা বলা হয়েছে। পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ.উদ্দীপকে বাংলাদেশের সংবিধানের স্বীকৃত বিষয়ে সরকারের গৃহীত ব্যবস্থাদি আলোচনা কর। ৪

### ৭ নং প্রশ্নের উত্তর

**ক** ছেলে সন্তানদের লেখাপড়ার ব্যাপারে পরিবার অধিক আগ্রহ দেখায়।

**খ** নারী–পুরুষের সমতার অধিকার, সর্বস্তরে অংশগ্রহণ,আইনের চোখে সমান, সরকারি চাকরি লাভে এবং ব্যক্তি স্বাধীনতার অধিকার।

**গ** উদ্দীপকে জাতিসংঘের নারীর প্রতি বৈষম্য বিলোপ সংক্রান্ত সনদের কথা বলা হয়েছে। পাঠ্যপুস্তকের বর্ণনা অনুসারে, নারীর প্রতি বৈষম্য বিলোপ সংক্রান্ত জাতিসংঘ সনদেও নারীর এই সমানাধিকারের কথা বলা হয়েছে। এখানে সমানাধিকার বলতে পরিবারে, সমাজে, রাষ্ট্রে অর্থাৎ জাতীয় জীবনের সর্বস্তরে পুরুষের পাশাপাশি নারীর সমান অধিকারের কথা বোঝানো হচ্ছে। শুধু ভোট প্রদান বা নির্বাচনে দাঁড়াবার সুযোগের বেলায়ই পুরুষ ও নারী যে সমান তা নয়। শিক্ষা প্রতিষ্ঠানে পড়ালেখা, চাকরি বা কর্মসংস্থান, বেতন বা মজুরি সব ব্যাপারেই নারী ও পুরুষ সমান সুযোগ লাভের অধিকারী। কোনো অবস্থায়ই নারীর প্রতি কোনো বৈষম্য করা যাবে না।

**ঘ** উদ্দীপকে নির্দেশিত হয়েছে যে, বাংলাদেশের সংবিধানে নারী–পুরুষের সমানাধিকারের স্বীকৃতি দেওয়া হয়েছে। এ লক্ষ্যে নারীর প্রতি বৈষম্য দূর ও তার সমানাধিকার নিশ্চিত করতে সরকার কতগুলো বিশেষ ব্যবস্থা নিয়েছে। যেমন উচ্চমাধ্যমিক শ্রেণি পর্যন্ত মেয়েদের বিনা বেতনে লেখাপড়ার সুযোগ ও তাদের জন্য উপবৃত্তির ব্যবস্থা । সন্তানের নামের সঙ্গে আগে যেখানে শুধু বাবার নাম লেখার নিয়ম ছিল, সেখানে মায়ের নাম লেখাও বাধ্যতামূলক করা হয়েছে। নারী নির্যাতন ও এসিডসন্ত্রাস রোধে সরকার কঠোর আইন প্রবর্তন করেছে। নারীর মাতৃত্বকালীন ছুটির সময় বাড়ানো হয়েছে। এসব ব্যবস্থার কিছু ফল নারীরা পেতে শুরু করেছে। ফলে বাংলাদেশের নারীরা যে তাদের অধিকার সম্পর্কে সচেতন হয়ে উঠছে সেটা স্পষ্ট। বিভিন্ন সভা–সমিতি–সংগঠনে তাদের অংশগ্রহণই তার বড় প্রমাণ।

## ■ অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্নব্যাংক (উত্তরসংকেতসহ)

**প্রশ্ন– ৮ ▸▸**

সমীর দাস সরকারি চাকরি থেকে অবসর গ্রহণ করেছেন। এখন তিনি পরিবারের বোঝা। পরিবারে তার জায়গা না হওয়ায় বৃদ্ধাশ্রমই তার শেষ ঠিকানা।

ক. উন্নত দেশগুলোতে ‘সিনিয়র সিটিজেন’ গণ্য করা হয় কোন বয়সে? ১

খ. অবসর ভাতা কাকে বলে? ২

গ. উদ্দীপকে সমীর দাসের সমস্যার সাথে প্রবীণদের কোন সমস্যার সাদৃশ্য রয়েছে? ব্যাখা কর। ৩

ঘ. তুমি কি মনে কর বৃদ্ধাশ্রমই সমীর দাসের শেষ ঠিকানা– মতামত দাও। ৪

### ৮ নং প্রশ্নের উত্তর

**ক** উন্নত দেশগুলোতে ৬০ বা ৬৫ বছর বয়সের একজন মানুষকে প্রবীণ বা ‘সিনিয়র সিটিজেন’ গণ্য করা হয়।

**খ** সরকারি, আধাসরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মচারীরা অবসর গ্রহণ বা মৃত্যুবরণ করলে পেনশন পেয়ে থাকেন। এটা একটা দীর্ঘমেয়াদি সামাজিক নিরাপত্তা ব্যবস্থা। একটি নির্দিষ্ট সময়সীমা পর্যন্ত সরকারি চাকরি করে অবসর গ্রহণ করলে অবসর সময়ের জন্য বিধি মোতাবেক যে ভাতা দেওয়া হয় তাকে পেনশন বা অবসর ভাতা বলে।

***X-clusive লিংক:** প্রয়োগ (গ) ও উচ্চতর দক্ষতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** প্রবীণদের সমস্যার স্বরূপ বর্ণনা কর।

**ঘ** প্রবীণদের কল্যাণমূলক কার্যক্রমগুলো আলোচনা কর।

**প্রশ্ন– ৯ ▸▸**

মিসেস আলেয়া পুত্র আনোয়ারকে কন্যা আলোর চেয়ে বেশি গুরুত্ব দেন। তিনি তার পুত্রকে লেখাপড়া শিখিয়ে অনেক বড় মাপের মানুষ বানাতে চান। অন্যদিকে আলোকে তার বোঝা মনে হয়।

ক. নারী ও পুরুষকে গাড়ির দুটি চাকার সাথে তুলনা করেছেন কে? ১

খ. নারীর সমানাধিকার বলতে কী বোঝ? ২

গ. মিসেস আলেয়ার আচরণ দ্বারা কী প্রকাশিত হচ্ছে? ৩

ঘ. উদ্দীপকের আলোকে বাংলাদেশের সমাজে নারীর অবস্থান ব্যাখ্যা কর। ৪

### ৯ নং প্রশ্নের উত্তর

**ক** নারী ও পুরবষকে গাড়ির দুটি চাকার সাথে তুলনা করেছেন বেগম রোকেয়া।

**খ** নারীর সমানাধিকার বলতে পরিবারে, সমাজে, রাষ্ট্রে অর্থাৎ জাতীয় জীবনের সর্বস্তরে পুরবষের পাশাপাশি নারীর সমান অধিকারকে বোঝায়। শুধু ভোট প্রদান বা নির্বাচনে দাঁড়াবার সুযোগের বেলাই পুরবষ ও নারী যে সমান তা নয়। শিৰা প্রতিষ্ঠানে লেখাপড়া, চাকরি, বেতন বা মজুরি সব ৰেত্রেই নারী ও পুরবষ সমান সুযোগ লাভের অধিকারী।

*X-clusive লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূ প যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে—*

**গ** বাংলাদেশে নারীর প্রতি বৈষম্য বর্ণনা কর।

**ঘ** বাংলাদেশের সমাজে নারীর অবস্থান বিশেরষণ কর।

## জ্ঞানমূলক প্রশ্ন ও অনুধাবনমূলক প্রশ্নের উত্তরঃ

### ■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ বাংলাদেশে সরকারি চাকরি থেকে অবসরের বয়স কত বছর?**

**উত্তর :** বাংলাদেশে সরকারি চাকরি থেকে অবসরের বয়স ৫৯ বছর।

**প্রশ্ন ॥ ২ ॥ বিচারপতিদের চাকরির বয়সসীমা কত বছর?**

**উত্তর :** বিচারপতিদের চাকরির বয়সসীমা ৬৭ বছর।

**প্রশ্ন ॥ ৩ ॥ সিনিয়র সিটিজেন কাদের বলা হয়?**

**উত্তর :** উন্নত দেশগুলোতে ৬০ বা ৬৫ বছর বয়সের পর একজন মানুষকে প্রবীণ বা 'সিনিয়র সিটিজেন' বলা হয়।

**প্রশ্ন ॥ ৪ ॥ আমাদের দেশে এক সময় পরিবারগুলো কেমন ছিল?**

**উত্তর :** আমাদের দেশে এক সময় পরিবারগুলো একান্নবর্তী ছিল।

**প্রশ্ন ॥ ৫ ॥ আমাদের দেশে কাদের প্রবীণ বলে গণ্য করা হয়?**

**উত্তর :** আমাদের দেশে সাধারণত ষাটোর্ধ্ব বয়সের মানুষকে প্রবীণ বলে গণ্য করা হয়।

**প্রশ্ন ॥ ৬ ॥ সমাজের সর্বস্তরে নারীর উপস্থিতি প্রয়োজন কেন?**

**উত্তর :** বাংলাদেশের জনসংখ্যার প্রায় অর্ধেক নারী।

**প্রশ্ন ॥ ৭ ॥ কে পুরুষ ও নারীকে একটি গাড়ির দুটি চাকার সঙ্গে তুলনা করেছেন ?**

**উত্তর :** বেগম রোকেয়া পুরবষ ও নারীকে একটি গাড়ির দুটি চাকার সঙ্গে তুলনা করেছেন।

**প্রশ্ন ॥ ৮ ॥ সন্তান লালনপালনের প্রধান দায়িত্ব কে পালন করেন?**

**উত্তর :** সন্তান লালনপালনের প্রধান দায়িত্ব নারীরাই পালন করেন।

**প্রশ্ন ॥ ৯ ॥ বাংলাদেশের সংবিধানে নারী-পুরুষের ক্ষেত্রে কাসের স্বীকৃতি দেয়া হয়েছে?**

**উত্তর :** বাংলাদেশের সংবিধানে নারী-পুরবষের ৰেত্রে সমানাধিকারের স্বীকৃতি দেয়া হয়েছে।

### ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ প্রবীণরা অর্থনৈতিকভাবে কেন অসহায় হয়ে পড়েন?**

**উত্তর :** নিজস্ব আয় রোজগারের সুযোগ না থাকায় এবং সঞ্চিত অর্থ ও সম্পত্তি উত্তরাধিকারীদের মধ্যে বণ্টিত হয়ে যাওয়ায় বেশিরভাগ প্রবীণই অর্থনৈতিকভাবে অসহায় হয়ে পড়েন। বিশেষ করে মধ্যবিত্ত বা দরিদ্র পরিবারের প্রবীণরা বার্ধক্যে পৌছাবার পূর্বেই সংসার চালাতে, সন্তানদের লেখাপড়া, বিয়ের খরচ জোগাতে গিয়ে কিংবা প্রাকৃতিক দুর্যোগের ফলে নিঃস্ব হয়ে পড়েন। তাদেরকে সন্তানদের ওপর নির্ভরশীল হতে হয়।

**প্রশ্ন ॥ ২ ॥ পারিবারিক ভাঙন প্রবীণ ব্যক্তিদের ওপর কিরূপ প্রভাব ফেলে?**

**উত্তর :** শিল্পায়ন, শহরায়ন ও অর্থনৈতিক কাঠামোর পরিবর্তনের কারণে একান্নবর্তী পরিবারগুলো ভেঙে ছোট ছোট পরিবার সৃষ্টি হচ্ছে। আর এই ভাঙ্গানের নেতিবাচক প্রভাব পড়ছে পরিবারের প্রবীণ ব্যক্তিদের ওপর। একক পরিবার গঠনের ফলে তারা একাকী ও নিঃসঙ্গ হয়ে পড়ছে। তাদের দেখাশোনা ও সেবাযত্ন করার মতো কেউ থাকছে না। বরং এই বয়সেও তাদের নাতি–নাতনিদের দেখাশোনার দায়িত্ব নিতে হচ্ছে।

**প্রশ্ন ॥ ৩ ॥ সমাজের সর্বস্তরে নারীর উপস্থিতি প্রয়োজন কেন?**

**উত্তর :** বাংলাদেশের মোট জনসংখ্যার অর্ধেক হলো নারী। তাদেরকে পেছনে ফেলে, তাদের অধিকার থেকে বঞ্চিত করে, তাদেরকে অবহেলা করে সমাজকে উন্নত ও জাতিকে পরিবর্তন করা সম্ভব নয়। কারণ, যতদিন নারী অবহেলিত ছিল; ততদিন সমাজ এক কদমও অগ্রসর হয়নি। নারী তাদের অধিকার নিয়ে দাঁড়ানোর সাথে সাথে সমাজ উন্নতির পথে চলতে আরম্ভ করছে। তাই সমাজের সর্বস্তরে নারীর উপস্থিতি প্রয়োজন।

**প্রশ্ন ॥ ৪ ॥ আমাদের দেশের পিতামাতারা কোন মনোভাব থেকে পুত্রসন্তানকে কন্যা সন্তানের চেয়ে অধিক গুরুত্ব দেয়?**

**উত্তর :** আমাদের দেশের অধিকাংশ পিতামাতা মনে করে পুত্র বড় হয়ে বাবা-মাকে উপার্জন করে খাওয়াবে, সংসারের হাল ধরবে। অন্যদিকে কন্যা বিয়ের পর স্বামী বা শ্বশুরবাড়ি চলে যাবে, উপরন্তু তাকে বিয়ে দিতে গিয়ে পিতামাতাকে অনেক টাকা খরচ করতে হবে। এ মনোভাব থেকেই তারা পুত্রসন্তানকে কন্যাসন্তানের চেয়ে অধিক গুরুত্ব দেয়।

## ■ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**➲ পাঠ-১ : প্রবীণ অধিকারের ধারণা ও প্রবীণদের অধিকারসমূহ**

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

১. আমাদের দেশে কত বছর বয়সের মানুষকে প্রবীণ বলে গণ্য করা হয়? (জ্ঞান)
● ষাটোর্ধ্ব ⓑ পঞ্চাশোর্ধ্ব ⓖ সত্তরোর্ধ্ব ⓓ চল্লিশোর্ধ্ব

২. ষাটোর্ধ্ব বয়সের মানুষকে প্রবীণ বলার কারণ কী?
ⓚ অচল হয়ে পড়া বয়সের ভারে ● জীবিকা উপার্জন থেকে অবসর গ্রহণ
ⓖ সব ধরনের খাবার খেতে পারে না ⓓ দুর্বলতার কারণে অসুস্থ হয়ে পড়া

৩. বাংলাদেশে সরকারি চাকরি থেকে অবসরের বয়স কত বছর? (জ্ঞান)
ⓚ ৭০ ⓑ ৬০ ● ৫৯ ⓓ ৫০

৪. বাংলাদেশে সরকারি চাকরির ক্ষেত্রে ৬৭ বছরে অবসর গ্রহণ করেন কারা? (অনুধাবন)
ⓚ সরকারি আমলা ⓑ বিদ্যালয়ের শিক্ষক
ⓖ পেশাজীবী ● বিচারপতি

৫. বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অবসরের বয়সসীমা কত করা হয়েছে? (অনুধাবন)
ⓚ ৫০ বছর ⓑ ৬০ বছর ● ৬৫ বছর ⓓ ৭০ বছর

৬. বিশ্বের উন্নত দেশগুলোতে ৬০ বা ৬৫ বয়সের পর একজন মানুষকে কী হিসেবে গণ্য করা হয়? (অনুধাবন)
● সিনিয়র সিটিজেন ⓑ সিনিয়র প্রবীণ
ⓖ প্রবীণ আমলা ⓓ সচেতন নাগরিক

৭. প্রবীণ জনগোষ্ঠীর অধিকার রক্ষায় কোন সংস্থা কতিপয় নীতিমালা প্রণয়ন করছে?
[চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়; শহীদ বীর উত্তম লে. আনোয়ার গার্লস কলেজ]
ⓚ ইইউ ⓑ বিমসটেক ⓖ সার্ক ● জাতিসংঘ

৮. প্রবীণদের জন্য কীরূপ অধিকার থাকা দরকার? (জ্ঞান)
ⓚ একক ⓑ মৌলিক ● বিশেষ ⓓ আন্তর্জাতিক

৯. প্রবীণ দিবস ঘোষণা করেছে কোন সংগঠন?
ⓚ WTO ⓑ কমনওয়েলথ ● জাতিসংঘ ⓓ বিশ্বব্যাংক

১০. উন্নত বিশ্বে প্রবীণদের সিনিয়র সিটিজেন হিসেবে গণ্য করা হয়। সমাজে তাঁদেরকে বিশেষ কী দেওয়া হয়? (প্রয়োগ)
ⓚ অবসর ভাতা ● বিশেষ সম্মান ও সুযোগ–সুবিধা
ⓖ বয়স্কভাতা ⓓ জাতিসংঘ সনদ

১১. প্রবীণদের জন্য কোন দিবসটি পালন করা হয়?
ⓚ সাদাছড়ি দিবস ● প্রবীণ দিবস ⓖ বিশ্ব পিতা দিবস ⓓ বিশ্ব মাতা দিবস

১২. জাতিসংঘ কেন একটি বিশেষ দিনকে 'প্রবীণ দিবস' হিসেবে ঘোষণা করেছে? [খুলনা জিলা স্কুল]
● সচেতনতা সৃষ্টি করতে ⓑ সুস্বাস্থ্য নিশ্চিত করার লক্ষ্যে
ⓖ পুনর্বাসন করার জন্য ⓓ অভিজ্ঞতা বিনিময়ের লক্ষ্যে

১৩. ফারুক সাহেব ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের অধ্যাপক। আগামীকাল তিনি চাকরি থেকে অবসর গ্রহণ করবেন। আগামীকাল তার বয়স কত হবে? [বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ]
ⓚ ৫৬ বছর ⓑ ৫৯ বছর ⓖ ৬০ বছর ● ৬৫ বছর

১৪. ডা. গোলাম হোসেন একজন 'সিনিয়র সিটিজেন'। তাঁর বয়স নিচের কোনটিকে নির্দেশ করে? (প্রয়োগ)
ⓚ ৬৫–৭০ ⓑ ৫৫–৬০ ⓖ ৫৫–৬৫ ● ৬০–৬৫

১৫. জনাব ইয়াকুব সাহেব কায়িক শ্রম আর করবেন না বলে সিদ্ধান্ত নিয়েছেন। এ সিদ্ধান্ত নেওয়া তার কোন ধরনের অধিকার? (প্রয়োগ)
ⓚ মর্যাদার অধিকার ⓑ নিরাপত্তার অধিকার
● স্বাধীনতার অধিকার ⓓ অংশগ্রহণের অধিকার

১৬. চেয়ারম্যান সুজাউদ্দৌলা মানুষের অধিকার আদায়ে সদা তৎপর। এক্ষেত্রে তিনি কোন কাজের মাধ্যমে তা সম্পন্ন করবেন? (উচ্চতর দক্ষতা)
ⓚ নিজের পছন্দমতো কাজ করা ⓑ পরিবারের সাথে বাড়িতে থাকা
ⓖ কায়িক পরিশ্রম করা ● সমাজ উন্নয়নমূলক কাজ করা

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৭. সম্প্রতি অবসরের বয়সসীমা ৬৫ বছর পর্যন্ত করা হয়েছে– (অনুধাবন)
i. পেশাজীবীদের ii. বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের
iii. সকল সরকারি চাকরিজীবীদের
নিচের কোনটি সঠিক?
● i ও ii ⓑ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

১৮. 'প্রবীণরা সমাজের বোঝা নয় বরং সম্পদ' এ দৃষ্টিভঙ্গি ফিরিয়ে আনতে যা করণীয়– [বন্নু-বার্ড স্কুল এন্ড কলেজ, সিলেট]
i. সচেতনতা সৃষ্টি করা ii. মানসিকতা বদলানো
iii. বৃদ্ধাশ্রম তৈরি করা
নিচের কোনটি সঠিক?
● i ও ii ⓑ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

১৯. প্রবীণদের পরিচর্যা সংশ্লিষ্ট অধিকার হলো– (অনুধাবন)
i. স্বাস্থ্যসেবা পাওয়ার অধিকার
ii. আইনগত সেবা পাওয়ার অধিকার
iii. আনন্দ পাওয়ার অধিকার
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓑ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের অনুচ্ছেদটি পড়ে ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও :
ষাটোর্ধ্ব বয়সের সলিম মিয়া সরকারি চাকরি থেকে অবসর নিয়েছেন। তিনি এখন তার পরিবারের সাথে অবস্থান করছেন। তিনি বিভিন্ন অধিকার ভোগ করেন।
[বন্নু-বার্ড স্কুল এন্ড কলেজ, সিলেট]

২০. সলিম মিয়া উন্নত দেশগুলোতে কী হিসেবে গণ্য হবেন? (প্রয়োগ)
ⓚ জুনিয়র সিটিজেন ● সিনিয়র সিটিজেন
ⓖ স্পেশাল সিটিজেন ⓓ ওল্ড সিটিজেন

২১. সলিম মিয়া যেসব অধিকার ভোগ করেন– (উচ্চতর দক্ষতা)
i. স্বাস্থ্যসেবা ii. নিরাপত্তা
iii. আইনগত সেবা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓑ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## ➲ পাঠ-২ : প্রবীণদের সমস্যা

➠ বোর্ড বই, পৃষ্ঠা ৮২

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২২. আমাদের দেশে এক সময় পরিবারগুলো কেমন ছিল? (অনুধাবন)
[চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ⓚ একক ● একান্নবর্তী ⓖ পৃথক ⓓ অসচ্ছল

২৩. বৃদ্ধদের অনেক সময় পরিবারে কী হিসেবে গণ্য করা হয়?
ⓚ সম্পদ ⓑ উপার্জনকারী ● বোঝা ⓓ গুরুত্বপূর্ণ ব্যক্তি

২৪. প্রবীণদের সঞ্চিত অর্থ ও সম্পত্তি কাদের মধ্যে বণ্টিত হয়ে যায়?
ⓚ আত্মীয়স্বজন ⓑ পাড়া প্রতিবেশীদের ⓖ দেশবাসীর ● উত্তরাধিকারীদের

২৫. কখন মানুষের একটু বিশ্রাম বা আরামের প্রয়োজন হয়?
[ভি. জে. সরকারি উচ্চ বিদ্যালয়, চুয়াডাঙ্গা]

● প্রবীণ বয়সে ⓖ মধ্য বয়সে ⓖ যুবক বয়সে ⓘ কিশোর বয়সে

**২৬. সমাজে কাদের অবসরযাপন ও চিত্তবিনোদনের সুযোগ নেই বললেই চলে?**

ⓚ শিশুদের ⓚ কিশোরদের ⓖ যুবকদের ● প্রবীণদের

**২৭. কোন বয়সে নানা রোগব্যাধি শরীরে বাসা বাঁধে?** (জ্ঞান)

ⓚ শৈশব ⓚ যৌবন ⓖ কৈশোর ● প্রবীণ

**২৮. মধ্যবিত্ত ও দরিদ্র পরিবারের প্রবীণদের দুর্দশা বেশি হয় কেন?** (অনুধাবন)

ⓚ পারিবারিক সচ্ছলতার কারণে ● পারিবারিক অসচ্ছলতার কারণে

ⓖ পরিবারের সদস্য সংখ্যা বেশি হওয়ায় ⓘ পরিবারের সদস্য সংখ্যা কম হওয়ায়

**২৯. মানুষের শারীরিক শক্তি কখন কমে যায়?** (অনুধাবন)

[শহীদ বীর উত্তম লে. আনোয়ার গার্লস কলেজ]

ⓚ যুবক বয়সে ● প্রবীণ বয়সে ⓖ কিশোর বয়সে ⓘ তরুণ বয়সে

**৩০. একান্নবর্তী পরিবারে প্রবীণদের কী ভূমিকা ছিল?** (অনুধাবন)

● মুরব্বিস্থানীয় ⓚ যুবকস্থানীয় ⓖ তরুণস্থানীয় ⓘ কিশোরস্থানীয়

**৩১. প্রবীণ বয়সে মানুষ নিজেকে ছোট করে দেখার কারণ কোনটি?** (অনুধাবন)

ⓚ আত্মনির্ভরশীলতা ● পরনির্ভরশীলতা ⓖ বয়স বাড়া ⓘ অসুস্থতা

**৩২. পরিবারে ও সমাজে প্রবীণদের আজ কী হিসেবে বিবেচনা করা হয়?** (অনুধাবন)

[গভ. ল্যাবরেটরি স্কুল, রাজশাহী]

প্রয়োজনীয় সম্পদ ● অপ্রয়োজনীয় ⓖ মর্যাদাপূর্ণ সদস্য ⓘ গুরুত্বপূর্ণ সদস্য

**৩৩. প্রবীণ বয়সে নিচের কোনটি বাড়তি সমস্যা সৃষ্টি করে?** (অনুধাবন)

● স্মৃতি বিভ্রম ⓚ স্মৃতি কাতরতা ⓖ দৃষ্টিবিভ্রম ⓘ রোগব্যাধি

**৩৪. অনেকেই প্রবীণ হওয়ার পূর্বেই নিঃস্ব হয়ে পড়ে কেন?** (অনুধাবন)

[বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ]

● সংসার চালাতে গিয়ে ⓚ নেশা করার জন্য

ⓖ জুয়া খেলার জন্য ⓘ দরিদ্রতার জন্য

**৩৫. কখন ছেলেমেয়েদের পক্ষে প্রবীণ বাবা-মা'র ভার বহন করা কঠিন হয়ে পড়ে?** (জ্ঞান)

● যথেষ্ট রোজগার না থাকলে ⓚ উচ্চ শিক্ষিত হতে না পারলে

ⓖ কাজের ফাঁকে সময় না পেলে ⓘ পিতা-মাতার সম্পদ না থাকলে

**৩৬. প্রবীণ হাফিজ সাহেব বাজার আনার পর বিশ্রাম না নিয়ে নাতনিকে স্কুল থেকে আনতে যান। তিনি কোন সমস্যার মধ্যে রয়েছেন?** (প্রয়োগ)

ⓚ অর্থনৈতিক ⓚ সামাজিক ⓖ মনস্তাত্ত্বিক ● পারিবারিক

**৩৭. প্রবীণ শাহানা বেগম আগের মতো অনেক কথাই মনে রাখতে পারেন না। তিনি কোন সমস্যার শিকার?** (প্রয়োগ)

ⓚ সামাজিক ⓚ অর্থনৈতিক ● মনস্তাত্ত্বিক ⓘ পারিবারিক

**৩৮. আমাদের সমাজের একান্নবর্তী পরিবার ভেঙে বর্তমানে কোন ধরনের পরিবার হচ্ছে?** (জ্ঞান)

ⓚ বড় ⓚ আধুনিক ● ছোট ⓘ দ্বি-একক

**৩৯. প্রবীণদের অবহেলিত হওয়ার পেছনে কোন কারণটি রয়েছে?** (অনুধাবন)

ⓚ একক পরিবারের সৃষ্টি ⓚ দ্রুত নগরায়ণ

● মূল্যবোধের বিপর্যয় ⓘ দ্রুত শিল্পায়ন

**৪০. প্রবীণ বয়সে হীনম্মন্যতায় ভোগা কোন ধরনের সমস্যা?** (অনু)

ⓚ শারীরিক ⓚ সামাজিক ● মনস্তাত্ত্বিক ⓘ পারিবারিক

**৪১. নিঃসঙ্গতা প্রবীণদের মধ্যে কী বাড়িয়ে তোলে?** (জ্ঞান)

ⓚ ভালোবাসা ⓚ হিংসা ● হীনম্মন্যতা ⓘ আনন্দ

**৪২. স্বামী-স্ত্রী উভয় কর্মজীবী হলে পরিবারে বৃদ্ধদের ওপর কীরূপ প্রভাব পড়ে?** (উচ্চতর দক্ষতা)

ⓚ বেশি অবসর পায় ⓚ বিনোদনের সুযোগ তৈরি হয়

● কাজের চাপ পড়ে ⓘ গল্প করার লোক বাড়ে

**৪৩. প্রবীণ বয়সে কোন সুযোগটি থাকে না?**

ⓚ লেখাপড়ার ⓚ খাওয়া-দাওয়ার

● আয়-রোজগারের ⓘ মতামত প্রদানের

**৪৪. পরিবারে প্রবীণদের গুরুত্ব কমে যাওয়ার মূল কারণ কী?** (অনুধাবন)

[আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল]

ⓚ অধিক বয়স ● উপার্জনে অক্ষমতা অধিক ব্যয় শারীরিক সমস্যা

**৪৫. প্রবীণ বয়সে অন্যের ওপর নির্ভর করতে হয় কেন?** (অনুধাবন)

ⓚ ব্যয়ের অভাবে ● আয়ের অভাবে

ⓖ সুযোগের অভাবে ⓘ অক্ষমতার কারণে

**৪৬. আয়ের অভাবে প্রবীণদের মধ্যে কী সৃষ্টি হয়?**

ⓚ নিরাপত্তাহীনতা ⓚ অহংকার ⓖ স্মৃতিভ্রম ● হীনম্মন্যতা

**৪৭. প্রবীণকে কী হিসেবে গণ্য করার মানসিকতা পরিবর্তন করা আবশ্যক?** (অনুধাবন)

ⓚ মানবসম্পদ ● অপ্রয়োজনীয় ⓖ অপরিহার্য ⓘ মূল্যবান সম্পদ

**৪৮. মালিহার দাদুর বয়স ৭০ বছর। তার পক্ষে এখন কোন কাজটি করা কঠিন?** (প্রয়োগ)

ⓚ সবার সাথে গল্প করা ⓚ সময়মতো বিশ্রাম নেয়া

ⓖ ছোটদের পরামর্শ দেওয়া ● নিজের আশ্রয়ের ব্যবস্থা করা

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৪৯. প্রবীণদের সঙ্গ না দেয়ায় তাদের মধ্যে সৃষ্টি হয়—** (অনুধাবন)

i. নিঃসঙ্গতার ii. বিমর্ষতার iii. ভালোবাসার

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**৫০. অনেক পরিবারে প্রবীণদের মতামতকে গুরুত্ব না দেওয়ার কারণ—** (অনুধাবন)

i. নৈতিক শিক্ষার অভাব ii. মূল্যবোধের বিপর্যয়

iii. বিদেশি সংস্কৃতির প্রভাব

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**৫১. রিয়াদ সাহেবের বয়স ৬২ বছর। বয়সজনিত কারণে তিনি ভুগছেন—** (প্রয়োগ)

i. নিঃসঙ্গতায় ii. স্মৃতি বিভ্রমে iii. শারীরিক অসুস্থতায়

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**৫২. একান্নবর্তী পরিবার ভেঙে যাওয়ার কারণ হলো—** (অনুধাবন)

i. শিল্পায়ন ii. বহুবিবাহ iii. নগরায়ন

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**৫৩. অধিকাংশ প্রবীণ হীনম্মন্যতায় ভোগে। এর যথার্থ কারণ হলো—** (উচ্চতর দক্ষতা)

i. শারীরিক অসুস্থতা ii. সামাজিক অমর্যাদা

iii. সহায়-সামর্থ্যের অভাব

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**৫৪. প্রবীণদের যেসব অসুবিধার সম্মুখীন হতে হয়—** (অনুধাবন)

i. পারিবারিক ii. অর্থনৈতিক

iii. সাংস্কৃতিক

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**৫৫. আয়ের অভাবে প্রবীণদের পক্ষে কঠিন হয়ে পড়ে—** (অনুধাবন)

i. জীবনধারণ করা ii. নিজের আশ্রয়ের ব্যবস্থা করা
iii. নিজের চিকিৎসার ব্যবস্থা করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓦ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫৬ ও ৫৭ নং প্রশ্নের উত্তর দাও :**
মনিরের বাবা প্রবীণ কৃষক, মা গৃহিণী। সরকারি চাকরি পাওয়ার পর উন্নত জীবনের আশায় স্ত্রী-পুত্রসহ সে শহরে পাড়ি জমিয়েছে। তার ধারণা পিতামাতা তার সঙ্গে থাকলে তার শহুরে সামাজিক মর্যাদা কমে যাবে। এমনকি ভবিষ্যৎ সঞ্চয়ের আশায় সে তাদের কোনো টাকাও দেয় না।

৫৬. **মনিরের কর্মকাণ্ডে তার চরিত্রের কোন বৈশিষ্ট্যটি ফুটে উঠেছে?** (প্রয়োগ)
ⓚ আভিজাত্য ⓦ আধুনিকতা
● মূল্যবোধের অভাব ⓖ বিদেশি সংস্কৃতির প্রভাব

৫৭. **অর্থনৈতিক সমস্যা ছাড়াও মনিরের পিতা-মাতাকে আরও যেসব সমস্যা মোকাবিলা করতে হয়–** (উচ্চতর দক্ষতা)
i. পারিবারিক ii. শারীরিক iii. মনস্তাত্ত্বিক
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓦ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## ➲ পাঠ-৩ : বাংলাদেশে প্রবীণদের কল্যাণমূলক কার্যক্রম

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫৮. **পবীণদের সামাজিক নিরাপত্তার কর্মসূচির কথা বলা হয়েছে কোথায়?** (অনুধাবন)
● বাংলাদেশের সংবিধানে ⓦ বাংলাদেশের আইনে
ⓖ বাংলাদেশের সংসদে ⓘ বাংলাদেশের হাইকোর্টে

৫৯. **বাংলাদেশে বর্তমানে প্রবীণদের সংখ্যা কত?** (জ্ঞান)
ⓚ প্রায় ৫০ লক্ষ ● প্রায় ১ কোটি
ⓖ প্রায় ৫ কোটি ⓘ প্রায় ১০ কোটি

৬০. **বর্তমানে বাংলাদেশে প্রবীণদের সংখ্যা প্রায় ১ কোটি। এর চেয়ে কম লোকসংখ্যা বিশ্বের কতটি দেশে রয়েছে?** (প্রয়োগ)
ⓚ ১০০টি ⓦ ৭০টি ● ৫০টি ⓘ ৪০টি

৬১. **আমাদের দেশে প্রবীণদের জন্য সরকারি ও বেসরকারি পর্যায়ে বিভিন্ন প্রকার কার্যক্রম রয়েছে। এর লক্ষ্য ও উদ্দেশ্য কী?** (উচ্চতর দক্ষতা)
ⓚ বেকারত্ব হ্রাস করা ⓦ প্রবীণদের অসহায়ত্ব বিলোপ
ⓖ প্রবীণদের অধিকার নিশ্চিত করা ● প্রবীণদের কল্যাণ করা

৬২. **বয়স্কভাতার পরিমাণ প্রতিমাসে কত টাকা?** (জ্ঞান)
● ১০০ ⓦ ২০০ ⓖ ৩০০ ⓘ ৪০০

৬৩. **বয়স্কভাতা প্রাপ্তদের সর্বনিম্ন বয়স কত?** (জ্ঞান)
ⓚ ৭৭ ⓦ ৬৭ ● ৫৭ ⓘ ৪৭

৬৪. **বয়স্কভাতা প্রাপ্তদের প্রতি ১০০ জনের মধ্যে অন্তত কত জন মহিলা হবেন?** (জ্ঞান)
ⓚ ৭ জন ● ৫ জন ⓖ ৪ জন ⓘ ২ জন

৬৫. **দীর্ঘমেয়াদি সামাজিক নিরাপত্তা ব্যবস্থা কোনটি?** (জ্ঞান)
ⓚ বয়স্কভাতা ⓦ পুনর্বাসন
ⓖ শিশুকল্যাণ তহবিল ● অবসর ভাতা

৬৬. **ঝরাপাতা, রোটারি ক্লাব ও শিশু নিবাস কী?** (অনুধাবন)
● প্রবীণ কল্যাণ প্রতিষ্ঠান ⓦ শিশুনিবাস সংঘ
ⓖ যুব প্রশিক্ষণ কেন্দ্র ⓘ বয়স্ক ভাতা কার্যক্রম প্রতিষ্ঠান

৬৭. **বেসরকারি প্রতিষ্ঠান প্রবীণদের শিক্ষার জন্য স্থাপন করেছে কোনটি?** (অনুধাবন)
ⓚ ক্লাব ● পাঠাগার ⓖ স্কুল ⓘ মাদরাসা

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৬৮. **প্রবীণদের কল্যাণে আরও যেসব প্রতিষ্ঠান কাজ করছে–** (অনুধাবন)
i. বিজয় নিকেতন ii. বৃদ্ধ নিবাস iii. মহিলা স্বাস্থ্য সংঘ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓦ ii ⓖ iii ● ii ও iii

৬৯. **বাংলাদেশে অবসরপ্রাপ্ত সরকারি কতগুলো সমিতি রয়েছে। এগুলো থাকার ফলে–** (উচ্চতর দক্ষতা)
i. প্রবীণদের শিক্ষা অনুদান নিশ্চিত হয়
ii. অবসর ভাতাগ্রহণ সুবিধা হয়
iii. বিনাসুদে ঋণ প্রাপ্তিতে সহায়তা করে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓦ i ও ii ⓖ i ও iii ● ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৭০ ও ৭১ নং প্রশ্নের উত্তর দাও :**
মিনতি গ্রাম থেকে ঢাকা শহরে এল। শেরেবাংলা নগরে যাওয়ার পর সে দেখল একটি সাইনবোর্ডে লেখা রয়েছে– "প্রবীণদের কল্যাণে প্রতিষ্ঠান।"

৭০. **অনুচ্ছেদে মিনতির দেখা প্রতিষ্ঠানটির নাম কী?** (প্রয়োগ)
● প্রবীণ হিতৈষী সংঘ ও জরা বিজ্ঞান প্রতিষ্ঠান
ⓦ প্রবীণ ভাতা ও বয়স্কভাতা প্রতিষ্ঠান
ⓖ প্রবীণ হিতৈষী কল্যাণ ট্রাস্ট ও বিজ্ঞান প্রতিষ্ঠান
ⓘ প্রবীণ ভাতা ও গুণীজন সংঘ

৭১. **উক্ত প্রতিষ্ঠানটি প্রবীণদের কল্যাণে যেসব কাজ করে–** (উচ্চতর দক্ষতা)
i. স্বাস্থ্যসেবা ii. পুনর্বাসন iii. চিত্তবিনোদন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓦ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## ➲ পাঠ-৪ : নারী অধিকারের ধারণা এবং বাংলাদেশের সমাজে নারীর অবস্থান অধিকার পরিস্থিতি

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৭২. **আমরা কোথায় বাস করি?** (জ্ঞান)
● সমাজে ⓦ আদালতে ⓖ চিড়িয়াখানায় ⓘ বাড়িতে

৭৩. **সমাজের সদস্য হিসেবে আমাদের কী থাকা দরকার?** (জ্ঞান)
ⓚ কিছু মানবতা ● কিছু সুযোগ–সুবিধা
ⓖ কিছু কল্যাণ ⓘ কিছু সম্পদ

৭৪. **জনাব গিয়াস দেশের একজন নাগরিক হিসেবে কিছু সুযোগ–সুবিধা ভোগ করেন। এসব সুযোগ–সুবিধা ভোগ করা তার জন্য কী?** (প্রয়োগ)
ⓚ এক ধরনের নিরাপত্তা ⓦ এক ধরনের কল্যাণ
● এক ধরনের অধিকার ⓘ এক ধরনের সামাজিকতা

৭৫. **নারী অধিকার কী দ্বারা স্বীকৃত?** (জ্ঞান)
ⓚ সমাজ ⓦ আইন ⓖ আদালত ● রাষ্ট্র

৭৬. **কোনটি মানবাধিকারের অন্তর্ভুক্ত?** (অনুধাবন)
● নারী অধিকার ⓦ চাকরি লাভের অধিকার

Ⓖ সেবা লাভের অধিকার Ⓓ খাদ্যের অধিকার

**৭৭. বাস্তবে আমাদের দেশের নারীরা কী অবস্থায় আছে তা জানা দরকার। এর ফলে কোনটি প্রতিরোধ করা যাবে?** (উচ্চতর দক্ষতা)

Ⓚ নারীর অবস্থান ● নারীর প্রতি বৈষম্য
Ⓖ নারীর কষ্ট Ⓓ নারীর রাগ

**৭৮. অধিকার সম্পর্কে পূর্ণ ওয়াকিবহাল থাকলে আমাদের কোনটি অর্জিত হবে?** (জ্ঞান)

Ⓚ দেশের উন্নয়ন হবে ● অধিকার নিশ্চিত হবে
Ⓖ অধিকার ভোগ করা যাবে Ⓓ অধিকার সফল হবে

**৭৯. গ্রামাঞ্চলে মেয়েদের সাধারণত কখন বিয়ে দেয়া হয়?** (জ্ঞান)

Ⓚ কিশোর বয়সে ● বাল্য বয়সে Ⓖ বেশি বয়সে Ⓓ উপযুক্ত বয়সে

**৮০. বাংলাদেশের সংবিধানে পুরুষের পাশাপাশি নারীদের দেয়া হয়েছে–** (অনুধাবন)

Ⓚ মৌলিক অধিকার Ⓚ নাগরিক অধিকার
● সমান অধিকার Ⓓ মজুরির অধিকার

**৮১. কোথায় নাগরিক হিসেবে নারীকে পুরুষের সমান অধিকার দেয়া হয়েছে?** (জ্ঞান)

● সংবিধানে Ⓚ সমাজ কাঠামোতে
Ⓖ শিক্ষা প্রতিষ্ঠানে Ⓓ পারিবারিক আদালতে

**৮২. অনেক পিতামাতা কন্যা সন্তানকে কী হিসেবে গণ্য করে?** (জ্ঞান)

Ⓚ সম্পদ ● বোঝা Ⓖ সৌভাগ্য Ⓓ ভবিষ্যৎ

**৮৩. আমাদের দেশের নারীদের প্রতি পদে পদে শিকার হতে হয়–** (অনুধাবন)

Ⓚ অর্থনৈতিক দুরবস্থার Ⓚ সামাজিক অবক্ষয়ের
● বৈষম্য–বঞ্চনার Ⓓ মানবিক মূল্যবোধের

**৮৪. গ্রামাঞ্চলে কম বয়সেই মেয়েদের বিয়ে দিয়ে দেওয়া হয়। বাল্যবিয়ের কারণে মেয়েরা কোন সুযোগ থেকে বঞ্চিত হয়?** (প্রয়োগ)

● শিক্ষার পোশাক–পরিচ্ছদেরⒼ চিকিৎসার Ⓓ বিনোদনের

**৮৫. আমাদের দেশে অনেক পিতামাতা কন্যা অপেক্ষা পুত্র সন্তান কামনা করে। তাদের এরূপ কামনার মূল কারণ কী?** (উচ্চতর দক্ষতা)

Ⓚ বড় হয়ে শ্রদ্ধা করবে এ আশায়
● বড় হয়ে সংসারের হাল ধরবে এ আশায়
Ⓖ মানবতার প্রতি শ্রদ্ধাবোধের অভাব
Ⓓ শিক্ষা ক্ষেত্রে দূরদৃষ্টির অভাব

**৮৬. অল্প বয়সে মেয়েদের বিয়ে হলে সমাজে কোন সমস্যাটি দেখা দেয়?** (উচ্চতর দক্ষতা)

Ⓚ প্রজনন শক্তি হারিয়ে ফেলে Ⓚ অপুষ্টিতে ভোগে
Ⓖ নিরাপত্তাহীনতায় ভোগে ● শিক্ষা থেকে বঞ্চিত হয়

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৮৭. নারীরা যে অধিকার থেকে বঞ্চিত হচ্ছে–** (অনুধাবন)

i. অর্থনৈতিক ii. সামাজিক iii. সাংস্কৃতিক

**নিচের কোনটি সঠিক?**

Ⓚ i ও ii Ⓚ i ও iii Ⓖ ii ও iii ● i, ii ও iii

**৮৮. নারীরা নির্যাতনের শিকার হচ্ছে–** (অনুধাবন)

i. শারীরিকভাবে ii. মানসিকভাবে
iii. সামাজিকভাবে

**নিচের কোনটি সঠিক?**

Ⓚ i ও ii Ⓚ i ও iii Ⓖ ii ও iii ● i, ii ও iii

**৮৯. নারীরা নানা রকম বৈষম্য–বঞ্চনার শিকার হচ্ছে–** (অনুধাবন)

i. বিদেশে ii. পরিবারে iii. সমাজে

**নিচের কোনটি সঠিক?**

Ⓚ i ও ii Ⓚ i ও iii ● ii ও iii Ⓓ i, ii ও iii

**৯০. বাংলাদেশের সমাজ নারীদের প্রাপ্য অধিকার দিতে প্রস্তুত নয়। সমাজের এরূপ অনাচারের কারণ–** (উচ্চতর দক্ষতা)

i. ধর্মীয় কুসংস্কার ii. পারিবারিক কুসংস্কার
iii. সামাজিক কুসংস্কার

**নিচের কোনটি সঠিক?**

Ⓚ i ও ii ● i ও iii Ⓖ ii ও iii Ⓓ i, ii ও iii

**৯১. আমাদের দেশে পুত্র সন্তানকে কন্যা সন্তানের চেয়ে অধিক গুরুত্ব দেয়ার কারণ–** (উচ্চতর দক্ষতা)

i. পুত্রের আয় রোজগারের আশায় ii. বিয়ের খরচাপাতির ভয়ে
iii. যৌতুক প্রথার কারণে

**নিচের কোনটি সঠিক?**

Ⓚ i ও ii Ⓚ i ও iii Ⓖ ii ও iii ● i, ii ও iii

**৯২. আমাদের দেশের মানুষের পুত্র সন্তান লাভের প্রত্যাশার কারণ–** (উচ্চতর দক্ষতা)

i. আয় উপার্জন করতে পারে ii. ভবিষ্যতে নিরাপত্তার অবলম্বন
iii. বংশ ও সম্পত্তি রক্ষা করে

**নিচের কোনটি সঠিক?**

Ⓚ i ও ii Ⓚ i ও iii Ⓖ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৯৩ ও ৯৪ নং প্রশ্নের উত্তর দাও :**

সোনিয়া লেখাপড়া শেষ করে একটি কোম্পানিতে চাকরি করে। কিন্তু পুরুষ সহকর্মী থেকে তার বেতন অনেক কম। তাছাড়া তাদের কাছ থেকে সে তেমন সহযোগিতাও পায় না। [ফেনী গভ. গার্লস হাই স্কুল]

**৯৩. অনুচ্ছেদে কোন বিষয়টি ফুটে উঠেছে?**

Ⓚ নারীর প্রতি ভালোবাসা ● নারীর প্রতি বৈষম্য
Ⓖ নারীর প্রতি সহমর্মিতা Ⓓ নারীর প্রতি সহানুভূতি

**৯৪. সোনিয়ার প্রতি পুরুষ সহকর্মীদের অসহযোগিতায় প্রকাশ পায় তাদের–**

● সংকীর্ণ মানসিকতা Ⓚ উদার মানসিকতা
Ⓖ সহযোগী মানসিকতা Ⓓ ভালোবাসা

## পাঠ-৫ : বাংলাদেশে নারী অধিকারসমূহ ও নারী অধিকারের গুরুত্ব

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৯৫. বেগম রোকেয়া পুরুষ ও নারীকে কীসের সঙ্গে তুলনা করেছেন?** (জ্ঞান)

● গাড়ির দুটি চাকার Ⓚ গাড়ির ইঞ্জিনের
Ⓖ গাড়ির চালকের Ⓓ গাড়ির গ্লাসের

**৯৬. বাংলার নারী জাগরণের অগ্রদূত কে?** (জ্ঞান)

Ⓚ কুসুম কুমারী দাস ● বেগম রোকেয়া
Ⓖ বেগম সুফিয়া কামাল Ⓓ মাদার তেরেসা

**৯৭. পুরুষ সদস্যের অনুপস্থিতিতে কারা সংসার পরিচালনার দায়িত্ব পালন করে?** (জ্ঞান)

Ⓚ কিশোর Ⓚ কিশোরী ● নারী Ⓓ শিশু

**৯৮. সন্তান লালনপালনের প্রধান দায়িত্ব পালন করেন কে?** [ইবনে তাইমিয়া স্কুল অ্যান্ড কলেজ, কুমিল্লা]

Ⓚ পিতা ● মাতা Ⓖ সরকার Ⓓ ধর্মগুরু

**৯৯. বাংলাদেশের মোট জনসংখ্যার প্রায় অর্ধেক কারা?** (জ্ঞান)

Ⓚ শিশু ● নারী Ⓖ কিশোর Ⓓ কিশোরী

**১০০. দেশকে এগিয়ে নেয়া সম্ভব নয়–** (অনুধাবন)

● নারীদের অধিকার বঞ্চিত রেখে
ⓖ নারীদের লেখাপড়া থেকে বঞ্চিত রেখে
ⓖ নারীদের উত্তরাধিকার থেকে বঞ্চিত রেখে
ⓖ নারীদের সামাজিকভাবে হেয় প্রতিপন্ন করে

**১০১. নারীরা তার প্রাপ্য অধিকার থেকে কেন বঞ্চিত হচ্ছে?** (অনুধাবন)
ⓚ উত্তরাধিকার আইন সঠিকভাবে পালিত না হওয়ায়
ⓖ সমাজের কাজে দৃষ্টিভঙ্গির কারণে
ⓖ পরিবারে বাবা মায়ের কর্তৃত্বের কারণে
● শিক্ষা ও সংস্কৃতিতে পিছিয়ে থাকায়

**১০২. নারীরা কীভাবে জাতির ভবিষ্যৎ গড়ে তোলে?** (অনুধাবন)
● সন্তান লালনপালনের মাধ্যমে ⓖ শিক্ষা অর্জনের মাধ্যমে
ⓖ চাকরি করে ⓖ বিয়ে করে

**১০৩. নারীদের পিছিয়ে রেখে কোনটি অসম্ভব?** (উচ্চতর দক্ষতা)
ⓚ জনসংখ্যা হ্রাস ● সমাজের উন্নয়ন
ⓖ সন্তান লালনপালন ⓖ গৃহব্যবস্থাপনার উন্নয়ন

**১০৪. বেগম রোকেয়া পুরুষ ও নারীকে গাড়ির দুটি চাকার সঙ্গে তুলনা করে কী বোঝাতে চেয়েছেন?** (উচ্চতর দক্ষতা)
ⓚ নারীরা সমাজের বোঝা ⓖ পুরুষ সমাজের কর্তা
● সমাজের উন্নতির জন্য নারী-পুরুষ উভয়ের প্রয়োজন
ⓖ সমাজের উন্নতির জন্য নারীদের প্রয়োজন নেই

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১০৫. নারীরা রাষ্ট্রগঠনে কার্যকর ভূমিকা পালন করবে–** (উচ্চতর দক্ষতা)
i. পরিবারের প্রতি যথাযথ দায়িত্ব পালনে
ii. সামাজের প্রতি যথাযথ দায়িত্ব পালনে
iii. জীবনের প্রতি যথাযথ দায়িত্ব পালনে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১০৬. নারীরা দক্ষতার স্বাক্ষর রাখছেন–** (অনুধাবন)
i. গার্মেন্টসে ii. শিল্পকারখানায় iii. শিক্ষা প্রতিষ্ঠানে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓖ ii ⓖ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১০৭ ও ১০৮ নং প্রশ্নের উত্তর দাও :**
রাষ্ট্রনায়ক কেরাত আলি বলেন, "তোমরা আমাকে একটি ভালো মা দাও আমি তোমাদেরকে একটি ভালো জাতি উপহার দিব।"

**১০৭. অনুচ্ছেদে রাষ্ট্রনায়ক কেরাত আলির সাথে কোন রাষ্ট্রনায়কের মিল রয়েছে?** (প্রয়োগ)
● নেপোলিয়ান বোনাপার্ট ⓖ স্টিফেন হকিং
ⓖ জর্জ ওয়াশিংটন ⓖ মাওসেতুং

**১০৮. উক্ত রাষ্ট্রনায়কের উক্তিটি তাৎপর্য বহন করে–** (উচ্চতর দক্ষতা)
i. নারীর যোগ্যতার প্রমাণ
ii. নারীর মানসিকতা
iii. নারী অধিকারের গুরুত্ব
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ⓖ ii ⓖ iii ● i ও iii

## ➲ পাঠ-৬ : বাংলাদেশে নারী অধিকার প্রতিষ্ঠায় সুপারিশ বা পদক্ষেপসমূহ

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১০৯. নারী-পুরুষের সমানাধিকারের স্বীকৃতি দেওয়া হয়েছে বাংলাদেশের কোথায়?** (জ্ঞান)
● সংবিধানে ⓖ আদালতে ⓖ শিক্ষাপ্রতিষ্ঠানে ⓖ সমাজে

**১১০. উচ্চ মাধ্যমিক শ্রেণি পর্যন্ত সরকার মেয়েদের কী প্রদান করে?** (জ্ঞান)
ⓚ বই-খাতা ● উপবৃত্তি ⓖ জামাকাপড় ⓖ মজুরি

**১১১. কোথায় নারীর সমানাধিকারের কথা বলা হয়েছে?** (জ্ঞান)
ⓚ EU সনদে ⓖ WTO সনদে ● জাতিসংঘ সনদে ⓖ কমনওয়েলথ সনদে

**১১২. নারীদের জন্য কোন ছুটির সময় বাড়ানো হয়েছে?** (জ্ঞান)
ⓚ বিবাহকালীন ● মাতৃত্বকালীন ⓖ অবকাশকালীন ⓖ অনুষ্ঠানকালীন

**১১৩. সমানাধিকার বলতে কী বোঝায়?** (অনুধাবন)
● পুরুষের পাশাপাশি নারীর সমান অধিকার
ⓖ নারীর পাশাপাশি পুরুষের সমান অধিকার
ⓖ নারী ও পুরুষ উভয়ের অধিকার এক ও অভিন্ন
ⓖ নারী ও পুরুষ সব কাজ সমানভাবে করবে

**১১৪. ভোট প্রদান বা নির্বাচনে দাঁড়ানোর সুযোগ পেলেই পুরুষ ও নারীর অধিকার–** (অনুধাবন)
● সমান হবে না ⓖ সমান হবে ⓖ একই থাকবে ⓖ বাড়বে

**১১৫. নারী-পুরুষ সমানাধিকার বলতে কোনটি বোঝায়?** (অনুধাবন)
ⓚ ভোট প্রদানের অধিকার ⓖ নির্বাচনে দাঁড়ানোর অধিকার
● সর্বস্তরের অধিকার ⓖ রাজনৈতিক অধিকার

**১১৬. বর্তমানে বাবার নাম লেখার পাশাপাশি মায়ের নাম লেখার নিয়মের প্রবর্তন কোনসের ইঙ্গিত বহন করে?** (অনুধাবন)
ⓚ সকল বিষয়ে নারীর সমান অংশগ্রহণ
● নারীর সমানাধিকারের বাস্তবায়ন
ⓖ জাতি হিসেবে নারীর প্রতি বিশেষ দৃষ্টিভঙ্গি
ⓖ নারী সমাজকে অগ্রসর করার প্রচেষ্টা

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১১৭. সমান অধিকার প্রতিষ্ঠিত হয়–** (অনুধাবন)
i. ভোট দানে ii. নির্বাচনে iii. জাতীয় জীবনের সর্বস্তরে
ⓚ i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**১১৮. বাংলাদেশে উচ্চ মাধ্যমিক স্তর পর্যন্ত মেয়েদের জন্য রয়েছে–**
[পুলিশ লাইন উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল]
i. বিনা বেতনে লেখাপড়ার সুযোগ
ii. উপবৃত্তি
iii. টিফিন খরচ
● i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১১৯ ও ১২০ নং প্রশ্নের উত্তর দাও :**
গত বছর অষ্টম শ্রেণির ছাত্র সুমন তার বার্ষিক পরীক্ষার প্রবেশপত্র আনতে গিয়ে দেখে, পিতার নামের নিচে মায়ের নামও লিখতে বলা হয়েছে। সে স্যারের নিকট জানতে চাইল এটা লেখা বাধ্যতামূলক কিনা। স্যার জানালেন এটা না লিখলে তার প্রবেশপত্র গ্রহণযোগ্য হবে না। তাই সে প্রবেশপত্রে তার মা বেগম আয়েশা সরদারের নাম লিখে দিল।

**১১৯. সুমনের প্রবেশপত্রে মায়ের নাম লেখার বাধ্যবাধকতা কোনসের ইঙ্গিত করে?** (প্রয়োগ)
i. নারীর সমানাধিকার
ii. নারীর বিশেষ সুযোগ সুবিধার অধিকার

iii. সচেতনতার অধিকার

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii

ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**১২০. অনুচ্ছেদের সুমনের প্রবেশপত্রে মায়ের নাম লেখার মাধ্যমে নারীর সমানাধিকারের বিষয়টি নিশ্চিত করেছে–** (উচ্চতর দক্ষতা)

ⓚ বিদ্যালয় ⓚh শিক্ষক

● সরকার ⓖh সমাজ